

# আন্দোলনের পথে ফেটো

নিজস্ব প্রতিনিধি : কলকাতা,  
২৩শে নভেম্বর - ইঞ্জিনিয়ারিং ও  
প্রশাসনিক সার্ভিসের মধ্যে বেতনে সমতা  
আনার দাবি ও ইঞ্জিনিয়ারদের উচ্চতর  
বেতনক্রমের দাবি নিয়ে আন্দোলনে  
নামার হুঁশিয়ারি দিলো ফেডারেশন অব  
অ্যাসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স অ্যান্ড  
টেকনিক্যাল অফিসার্স বা 'ফেটো'।  
সোমবার কলকাতা প্রেস ক্লাবে আয়োজিত  
এক সাংবাদিক বৈঠকে সংগঠনের  
সেক্রেটারি জেনারেল হীরেন্দ্রনাথ সাহা  
জানিয়েছেন, অন্যান্য সার্ভিসের জন্য  
নিত্যনতুন পদ সৃষ্টি করে পদোন্নতির  
ও উচ্চতর বেতনক্রমের ব্যবস্থা করা  
হলেও বঞ্চিত হয়েছেন ইঞ্জিনিয়াররা ও  
প্রযুক্তিবিদরা। সংগঠনের দাবি, বারবার  
রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করা  
হলেও এই বিষয়টি অগোচরেই থেকে  
গেছে। এদিন সংগঠনের পক্ষ থেকে  
প্রতিবাদদিবস পালন করা হয়।